



# বেতার জগৎ

**· ORGAN OF THE CALCUTTA STATION ·**

**Vol. II. No. III.** **24th October, Friday, 1930.** **One Anna.**
২য় বর্ষ, ৩য় সংখ্যা ] ২৪শে অক্টোবর, শুক্রবার ১৯৩০, ৭ই কার্ত্তিক, ১৩৩৭। [ এক আনা


# PHILIPS 2802



এই সেটের সাহায্যে আপনি পৃথিবীর সমস্ত দেশের সঙ্গীত উপভোগ করিতে পারিবেন। ইউরোপ, জাভা, অষ্ট্রেলিয়া, আমেরিকা প্রভৃতি সর্ট ওয়েভ ষ্টেশন এবং কলিকাতা বোম্বাই কলম্বো প্রভৃতি স্থানের লং ওয়েভ ষ্টেশন সমূহ হইতে প্রতিদিন যে সকল মনোমুগ্ধকারী প্রোগ্রাম বিঘোষিত হইয়া থাকে—দূরত্বের জন্য তাহা উপভোগ করিতে আর কোন বাধা হইবে না।

২৮০২ সর্ট ও লং ওয়েভ একটী গ্যারান্টি দেওয়া গ্রাহক-যন্ত্র

PHILIPS RADIO

## ফিলিপ্‌সের ২৮০২ গ্রাহক-যন্ত্রের কয়েকটি বৈশিষ্ট্য

সহজেই স্বরে মিলান যায়। স্ক্রিন গ্রিড এইচ এফ ষ্টেজ। ১০ হইতে ২৪০০ মিটারের সমস্ত ওয়েভ ব্যাণ্ড। গ্রামোফোনের সঙ্গে মিলান যায়। গ্রীষ্মপ্রধান দেশের জন্য বিশেষভাবে নির্ম্মিত।

## সকলই বাতাসের উপর নির্ভর করে

বিনামূল্যে ব্যবহার প্রণালী জানিতে হইলে এবং এই সংক্রান্ত পুস্তকাবলী পাইতে হইলে আপনার রেডিও ব্যবসায়ীর নিকট অথবা নিম্নলিখিত ঠিকানায় আবেদন করুন—

## PHILIPS ELECTRICAL CO. (India) LTD.

### 1, GARSTIN PLACE, CALCUTTA.

*Distributors :*
**THE RUSSA ENGINEERING WORKS LTD.**
2, HEYSHAM ROAD, CALCUTTA.

*Branch Office :*
**PHILIPS ELECTRICAL CO. (India) LTD.**
32, LEWIS STREET RANGOON.

মাসিক দশটাকা কিস্তিতে সমস্ত সাজ সরঞ্জাম সমেত 'ইয়ার' রেডিও সেট্

# ডি, রেডিও কোম্পানি

৫।১ কেণ্ডারডাইন লেন, সেণ্ট্রাল ( এভিনিউএর উপর )

বিশেষ বিবরণের জন্য পত্র লিখুন বা স্বয়ং আসিয়া দেখুন।

ফোন নং—বড়বাজার ৩৭২৬




ADVERTISE

IN THE

## BETAR JAGAT

( The official organ of the Indian State Broadcasting Service )

—It will pay you to appeal to the Radio listening public. They have money to spend and they spend it.

Considering the class of readers and the unique publication in Bengal at Rs. 20/- per page you cannot buy better value.

Further particulars from—

**EUREKA PUBLICITY SERVICE.**

**157B, DHARAMATALA STREET,**

**CALCUTTA.**

**Phone : Cal 5345.**

## WHY NOT MAKE YOUR OWN RADIO SET



**which will cost 50% less.**

**No experience required.**

**If you are keen about it, our Engineers will guide you to do so.**

**Once you make your set, you won't have to be at the mercy of Radio dealers for which RADIO now a days has become a nuisance to many set owners.**

**Special concessions allowed to students & amateurs. Apply :—**

**INTERNATIONAL RADIO EMPORIUM.**

**96. Ashutosh Mukherjee Rd.**

**BHOWANIPUR. CAL. Phone : South 594.**

# আমাদের কথা

বেতারের সময় পরিবর্ত্তন সম্বন্ধে অনুযোগ করে' অনেকে আমাদের পত্রাঘাত করেছেন। নানা কারণে বাধ্য হ'য়ে আমরা সময় পরিবর্ত্তন করেছিলুম কিন্তু আমাদের ভারতীয় বন্ধুদের বিশেষ অসুবিধে হচ্ছে জেনে আমরা এই নিয়ে আলোচনা করছি এবং অবিলম্বে এর প্রতিকারের ব্যবস্থা আমরা করবো। সম্ভবতঃ পরের পক্ষ থেকেই আপনাদের অনুরোধ পালিত হবে।

---

বেতার নাটুকেদলের প্রশংসা করে, আপনারা যে সমস্ত পত্রাদি লিখে থাকেন সেজন্য আমরা আপনাদের আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আপনারা বহুবার বাংলা রঙ্গমঞ্চের শ্রেষ্ঠ নাটকাদি অভিনয় করবার জন্ম আমাদের অনুরোধ করে' থাকেন কিন্তু সে অনুরোধ অনেক সময় কেন পালিত হয় না তার কৈফিয়ৎ দেবার প্রয়োজন বর্ত্তমানে আমরা বিশেষ করে' অনুভব কচ্ছি।

---

প্রথমতঃ বাংলা নাটকের অভাব সকলেই অনুভব করেন। তা ছাড়া যে কটি মুষ্টিমেয় নাটক বাংলাদেশে আছে তা বাংলার ২।৩টি রঙ্গালয় চিরকালের জন্ম অধিকার করে' রেখেছেন। আমরা বহু আবেদন নিবেদন করেও তাঁদের অটল সংকল্পকে বিচ্যুত করতে পারিনি। বেতারকে কোন প্রকারে সাহায্য করবো না এমন কি অর্থের বিনিময়েও নয় এই মনোবৃত্তি নিয়ে দু' একটি রঙ্গালয়-পরিচালক আমাদের বাধা দেবারই চিরকাল প্রচেষ্টা করে' এসেছেন। তার কারন যে কি তা আমরা বুঝতে অক্ষম।

---

দ্বিতীয়তঃ যে কটি নাটক পাওয়া যায় তাও বেতার উপযোগী নয় তবু আমরা অনেক পরিশ্রমে সেগুলিকে বেতার উপযোগী করে' নিয়ে থাকি। এই সমস্ত বাধা বিপত্তি কাটিয়ে নাট্য-বিভাগকে বাঁচিয়ে রাখা যে কিরকম দুঃসাধ্য কার্য্য তা আপনারা একটু ভেবে দেখলেই বুঝতে পারবেন।

---

বিশ্বভারতীর পরিচালকবর্গ, সুপ্রসিদ্ধ ঔপন্যাসিক শ্রীসৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়, শ্রীযুক্ত শচীন্দ্রনাথ সেনগুপ্ত, ৺দ্বিজেন্দ্রলালের সুযোগ্য ভ্রাতুষ্পুত্র শ্রীশচীন্দ্রলাল রায়, ৺ক্ষীরোদ বাবুর পুত্রগণ, গিরিশ দৌহিত্র শ্রীদুর্গাপ্রসন্ন বসু, শ্রীশ্রীশ বসু বার, এট্, ল, শ্রীনিত্যগোপাল মুখোপাধ্যায়, শ্রীসতীশচন্দ্র ঘটক, শ্রীভোলানাথ মুখোপাধ্যায় শ্রীহীরেন্দ্রকুমার বসু প্রভৃতি ভদ্রমহোদয়গণ আমাদের প্রতি সহানুভূতি সম্পন্ন হ'য়ে সামান্য অর্থের বিনিময়ে এবং অনেকে কোন প্রকার অর্থ না নিয়েও আমাদের যেরূপ সাহায্য করেছেন সে জন্ম আমরা তাঁদের কাছে কৃতজ্ঞতাপাশে বদ্ধ।

---

আগামী ২৪শে অক্টোবর শুক্রবার সুকবি শ্রীবসন্ত কুমার চট্টোপাধ্যায় মহাশয়ের রচিত মীরাবাঈয়ের পুনরাভিনয় হবে। মীরবাঈ অভিনয় শোনবার জন্ম অনেকেই অনুরোধ জানিয়েছিলেন, বর্ত্তমান প্রোগ্রামের প্রথমেই মীরাবাঈ শুনে তাঁরা খুসী হবেন নিশ্চয়।

---

আগামী ২৭শে অক্টোবর সোমবার স্বর্গীয় মহাকবি গিরিশচন্দ্রের "বুদ্ধদেব" নাটকটির অভিনয় হবে। অভিনয় করবেন বেতার নাটুকেদল। পরের শুক্রবার দ্বিজেন্দ্রলালের "পরপারে" পুনরাভিনীত হবে। ভূমিকালিপি ঈষৎ পরিবর্ত্তিত হয়েছে।

---

এবার বক্তৃতার ব্যবস্থা যথারীতিই হয়েছে এবং ৪ঠা নভেম্বর মঙ্গলবার নাট্য-সঙ্গীত রজনীর ব্যবস্থা হয়েছে। সুবিখ্যাত গায়ক গায়িকারা নাট্য-রজনীকে সাফল্য মণ্ডিত করবার চেষ্টা করবেন।

# মহিলা মজলিস

## বৃন্দাবন ভ্রমণ

—:০:—

আমরা একবার ৺কাশীধামে অন্নকোট দর্শন করিতে যাই। সেখানে মাসদুই থাকিবার পর একদিন আমি বলিলাম যখন এতদূর আসা গিয়াছে তখন শ্রীকৃষ্ণের জন্মস্থানটা একবার দর্শন করিতে গেলে হয় না? আমার প্রস্তাবে সকলে সম্মত হইলেন, এক সন্ধ্যার ট্রেণে আমি দাদা, মা, বাবা, ঠাকুরমা, আমাদের এক সরকার ও একটী ঝি এই কয়জনে মিলিয়া শ্রীবৃন্দাবন যাত্রা করিলাম।

পরদিন বেলা আটটার সময় আগ্রা ক্যান্টনমেণ্টে গাড়ী বদল করিয়া বেলা বারটায় মথুরা পৌছিলাম। এখান হইতে দুইখানি ঘোড়ার গাড়ী লইয়া আমরা বৃন্দাবনের দিকে রওনা হইলাম।

মথুরা হইতে বৃন্দাবন যাইবার বেশ চাওড়া পাকা রাস্তা আছে। সেই রাস্তায় বাস্, টাঙ্গা, এক্কা ও ঘোড়ার গাড়ী যাতায়াত করে। রাস্তায় মাঝা মাঝি ছোট এক খানি ঘরে পুলিশের লোক থাকে। মথুরা হইতে গাড়ী লইয়া যাইলেই তাহাদিকে গাড়ী-পিছু চার পয়সা করিয়া মাশুল দিতে হয়, তবে বৃন্দাবন যাইতে পাওয়া যায়।

বৃন্দাবনের প্রাকৃতিক শোভা কি চমৎকার! গাছগুলি ঝাঁকড়া ঝাঁকড়া—দেখিলে মনে হয়, কে যেন সুন্দর করিয়া ছাঁটিয়া দিয়াছে। আমাদের দেশের গাছ সব ধুলা ও মাকড়সার জালে বোঝাই, এবং গাছের তলাও শুকনা পাতা ও শুকনা ডালে ভরা। কিন্তু বৃন্দাবনের গাছগুলি এত পরিষ্কার দেখিলেই মনে হয় কে যেন এগুলি ধুইয়া মুছিয়া রাখিয়াছে। গাছের তলাগুলি ও ঠিক ঝাঁট দিয়া রাখার মত পরিষ্কার। এগুলি মাঠের এবং রাস্তার গাছ কেহই ইহাদের যত্ন করেনা। এখান কার পাখীগুলিও তেমনই সুন্দর। দেখিয়া শুনিয়া সহজেই মনে হয় যে কেবলমাত্র স্থান-মাহাত্ম্যই ইহার কারণ। বৃন্দাবনের এই বিশিষ্ট রূপটী বাস্তবিক হৃদয়ঙ্গম করিবার জিনিষ।

যাহা হউক, আমরা বেলা দু'টার সময় বৃন্দাবনে পৌছিলাম এবং রাধাবাগে স্বামিজীর বাড়ীতে রহিলাম স্বামিজীর মন্দিরে প্রতিষ্ঠিত দেবী কাত্যায়নীর স্বর্ণ প্রতিমা আছে। কী সুন্দর মূর্ত্তি যেন মা অসুর নাশিনী দশভূজা মূর্ত্তি ধরিয়া কৈলাশ হইতে অবতীর্ণা হইয়াছেন!

আমরা পৌষ মাসে গিয়াছিলাম, খুব শীত তখন


**স্বদেশী দ্রব্য সম্ভারে**

প্রসাধনের ডালি সাজাইবার কালে

**"জ্যোৎস্না"**

নামই সর্ব্বাগ্রে মনে পড়ে,

কারণ—রূপে, গন্ধে ও স্থায়িত্বে ইহাই সর্ব্বশ্রেষ্ঠ।

**বঙ্গীয় প্রসাধন সমবায়ে**

নিজস্ব জ্যোৎস্না রেজিষ্টার্ডের হরেক রকম টাটকা ফোটা ফুলের গন্ধে সুরভিত এসেন্স, হেয়ার লোসন, স্নো পাউডার (গ্যারানটিড), খাঁটি তিল তৈল হইতে ও (ট্রিপল রিফাইন্‌ড) ক্যাষ্টর অয়েল হইতে প্রস্তুত, নানাবিধ মিষ্ট সুগন্ধিযুক্ত তৈল প্রভৃতি সত্য সত্যই এবার ৺পূজার বাজার মাৎ করিয়া রাখিয়াছে।

অনুরোধ—একবার পদার্পণ করিয়া দেখুন।

**এস, সি মুখার্জ্জি এণ্ড ব্রাদার্স**

১৫৯ কর্ণওয়ালিস ষ্ট্রীটে

আপনার সন্তুষ্টির জন্য কি বিপুল আয়োজন করিয়াছি।

বিশেষ দ্রষ্টব্য :—অন্যান্য বিশিষ্ট ষ্টেসনার্সের নিকটও প্রাপ্তব্য

সেখানে। বৃন্দাবনে সাতটার সময় সকাল হইত এবং বেলা আটটায় রোদ উঠিত কিন্তু সে রোদ গায় লাগিত না এবং শীতও যাইত না সকালবেলা বালতির জলে হাত দিলে যেন সমস্ত হাত খানা ঝন্ ঝন্ করিয়া অসাড় হইয়া যাইত। আমাদের কলিকাতার বরফ হাতে করিয়া ধরিয়া থাকিলেও হাত এত ঝন্ ঝন্ করিয়া ফাটীয়া যাইবার মত হয় না। সাতটার সময় উঠিতাম, প্রাতঃকৃত্যাদি সারিয়া আমি, মা ও দাদা বাগানেই বেড়াইতাম। আমাদের স্বামিজীর বাগান বাড়ী ও ঠাকুর-বাড়ী লইয়া প্রায় একশত বিঘা হইবে। আমরা সেখানে পাখীর শোভা দেখিতাম। কত রকমের পাখী যে ঝাঁকে ঝাঁকে বেড়াইতেছে! ফুলের গাছে আসিয়া বসে, ছোট ছোট পাখী—তিন ইঞ্চি লম্বা হইবে, কাঁচ-পোকার মত রং, ঠোঁট গুলি লাল। অমন পাখী কখনও দেখিনাই। সকালে, বেলা আটটা হইতে দশটা পর্য্যন্ত নানা রকমের পাখী বেড়ায় তারপর কিন্তু আর একটিও পাখী দেখিতে পাওয়া যাইবে না, কেবল ময়ূর দু'চারিটা থাকে।

আমরা একদিন যমুনা দেখিতে গেলাম। কিন্তু গিয়া দেখিলাম সে মোহনমুরলীধারী মাধবও নাই সে ব্রজাঙ্গনাও নাই, আর সে যমুনার ঘাটও নাই। এসবের পরিবর্ত্তে যমুনায় এখন আছে শুধু বালী—খালি বালী। ঘাট হইতে প্রায় এক পোয়া পথ বালি ভাঙ্গিয়া যাইতে হইবে, তবে জল পাওয়া যাইবে। যমুনার ধারে সব রজকের কাপড় কাচা পাথর, আর মাঝখানে প্রকাণ্ড চড়া। চড়ার-ধারে আছে ভীষণ কুমীর এবং দু'চারটী কচ্ছপ। কিন্তু ঘাটের ধারে এসব কিছুই নাই। যমুনার জলটী খুব স্বচ্ছ। আমরা কচ্ছপ দেখিব বলিয়া ধার দিয়া দিয়া মাঝখানের চড়ায় গিয়াছিলাম, কিন্তু কচ্ছপের বদলে দেখিলাম, দুইটা ভীষণ কুমীর জলের ধারে মুখটি উঁচু করিয়া ভাসিতেছে। তাহাদের মুখের থোবনা গুলি প্রায় একহাত করিয়া চওড়া হইবে। প্রথমে আমরা অন্যমনস্কভাবে চলিতে চলিতে তাহাদিগকে দেখিতে পাই নাই। যখন তাহাদিগের কাছ হইতে আর মাত্র চার পাঁচ হাত তফাতে আছি এমন সময় বাবা দেখিতে পাইয়া চীৎকার করিয়া




আপনার কমনীয় তনুর লাবণ্য বিকশিত করিতে
সর্ব্বশ্রেষ্ঠ ও সর্ব্বোত্তম উপাদানের আবশ্যক
"মডেল সোপ"—সে বিষয়ে
—অপ্রতিদ্বন্দ্বী—
সর্ব্বোৎকৃষ্ট দ্রব্যাদির সংমিশ্রণে বুল্ ব্রাণ্ড
প্রস্তুত হইয়াছে
চর্ম্মকে সুচিক্কণ ও নধর করিতে একমাত্র
বুল্ ব্রাণ্ড সাবানই সক্ষম।
—নবীন ভারত—
টার্কিশ বাথসোপ
বিশেষভাবে ভারতীয় মহিলাদের ব্যবহারের
উপযোগী করিয়া প্রস্তুত!
ভারতীয় উপাদানে ভারতীয় মূলধনে, ভারতীয় পরিচালনায়
ও ভারতবাসীর সাহায্য ও পরিশ্রমে ইহা প্রস্তুত।
মডেল সোপ কোম্পানী কলিকাতা
সোল এজেন্ট
সিক্রি এণ্ড কোং
৫৫।৮ ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা।
BULL BRAND

সকলকে সাবধান করিয়া দিলেন। হঠাৎ চমকাইয়া উঠিয়া, আমরা চাহিয়া দেখি, সাম্‌নে ভীষণ কুমীর! আমাদের সাড়া পাইয়া একটা জলের ভিতর নামিয়া গেল—অপরটা আস্তে আস্তে আমাদের—দিকে মুখটা ফিরাইতে লাগিল। আমরা দেখিয়া শুনিয়া উর্দ্ধশ্বাসে ছুটিয়া পলাইয়া আসিলাম একেবারে ঘাটের কাছে—সে খানে আমার ঠাকুরমা আমাদের সরকার ও ঝিটী স্নান করিতেছিল।

একদিন আমরা গোবিন্দজীর মন্দির দেখিতে গিয়াছিলাম। পুরাতন মন্দিরের চূড়াটি ভাঙ্গা। নিকটেই সুন্দর নূতন মন্দির নির্ম্মিত হইয়াছে। কালো পাথরের গোবিন্দ-মূর্ত্তিটী অতি সুন্দর! মন্দিরের সামনে লম্বা তুলসী মঞ্চ।

সেখান হইতে ফিরিয়া খাওয়া দাওয়া সারিয়া—আমরা দুখানা টাঙ্গা করিয়া লছমণ শেঠের মন্দির দেখিতে গেলাম। শুনিয়াছিলাম শেঠের মন্দিরে সোণার তালগাছ আছে, কিন্তু দেখিলাম, তালগাছ নয়, গরুড়ের স্তম্ভ—কাঠের থামের উপর সোণার পাত দিয়া মোড়া।

তারপর লালাবাবুর কুঞ্জ দেখিতে গেলাম। কী সুন্দর ঠাকুর! ঠিক যেন নাচিতেছে! তাহার মধ্যে একটী জিনিষ বিশেষ করিয়া লক্ষ্য করিবার। মূর্ত্তির যে দিকেই আপনি দাঁড়ান দেখিবেন তাহার দৃষ্টি আপনার দিকেই নিবদ্ধ! ঠাকুরের আকৃতি প্রায় একটী বারো বছরের ছেলের মতই বৃহৎ।

সেখান হইতে আমরা বংশীবট দেখিতে গেলাম। প্রকাণ্ড বট-গাছ। তাহার—তলায় দাঁড়াইলে মনে হয়, যেন শ্রীকৃষ্ণ গাছের উপর চড়িয়া বাঁশী বাজাইতেছেন। গাছের গোড়া বেশ বাঁধানো। খানিকটা দূর অবধি পাঁচীল দিয়া ঘেরা—পাঁচীলের গায়ে সব রাসলীলার ছবি আঁকা। একজায়গায় ছোট ছোট পুতুল করিয়া রাখিয়াছে, সেগুলির বিষয় বস্তু হইতেছে—শ্রীকৃষ্ণ-সখাদের নবনী ভক্ষণ। নিকটেই একটি খুব ছোট ঘর আছে এবং তাহার ভিতর একখানি রাসলীলার ছবি আছে। এখানে রূপার বাঁশি দিতে হয় অবশ্য, তাহাতে বিশেষ হাঙ্গামা নাই, কাছেই ছোট ছোট বাঁশিও বিক্রয় হইতেছে।

সেখান হইতে বাড়ী ফিরিবার পথে গোপেশ্বর শিব দেখিয়া আমরা সেদিনকার মত দেখা সাঙ্গ করিলাম।

পরদিন আবার দু'খানা টাঙ্গা ভাড়া করিয়া—আমরা সকলে লক্ষ্ণৌএর দাওয়ানের কুঞ্জ দেখিতে গেলাম—কী সুন্দর শাদা মার্ব্বেল-পাথরের বাড়ী! শ্বেত-পাথরের-পাকানে পাকানো থাম, পাথরের গায়ে কত রকমের ছবি! দেওয়ালে কুঞ্জলীলার যত সব ছবি এবং মেঝেতে দেওয়ানের পরিবার-বর্গের ছবি আছে। ঠাকুরটী ছোট।

এখান হইতে আমরা নিধুবন দেখিতে গেলাম। তাহার চারিদিকে পাঁচীল দিয়া ঘেরা, ভিতরে যাইবার একটী দরজা আছে—সেখানে জুতা রাখিয়া তবে ভিতরে—যাইতে হয়। দরজার কাছে প্রত্যেকের জন্য চারপয়সা করিয়া প্রবেশ-মূল্য দিতে হয়। ভিতরে গিয়া দেখিলাম, মুক্তা-গাছের বন এবং মাঝে মাঝে সরু বাঁধানো


ইণ্ডিয়ান সিল্ক হাউস
স্বদেশী সিল্কের শ্রেষ্ঠ প্রতিষ্ঠান




গরদের
ছাপান
সাড়ী

২০৬ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

E.P.S.

রাস্তা আছে। কিন্তু মুক্তাগাছগুলিতে বড়ই কাঁটা। সেগুলি আবার রাস্তার উপর পর্য্যন্ত আসিয়া পড়িয়াছে। সেই সরু রাস্তা দিয়া আমরা ভিতরে—ছোট মন্দিরে গিয়া রাধারাণী মূর্ত্তি দেখিলাম। নিধুবনে একটি কুণ্ড আছে তাহার নাম ব্রহ্ম-কুণ্ড।

নিধুবন দেখিয়া আমরা নিকুঞ্জবন দেখিতে গেলাম ও নিধুবনেরই মত পাচীল- ঘেরা এখানেও ঐ একটি দরজা এবং প্রবেশ-মূল্য সেই চারপয়সা। ভিতরে গিয়া সেইরকম ছোট মন্দিরে রাধাকৃষ্ণ মূর্ত্তি দেখিলাম। এখানে দুইটী কুণ্ড আছে। সেদুটী ছোট কিন্তু খুব গভীর। একটীর নাম ললিতাকুণ্ড ও অপরটীর নাম বিশাখা-কুণ্ড। প্রথমতঃ আমরা কুণ্ডের জল স্পর্শ করিলাম। একটী বিচিত্র তমালবৃক্ষ দেখিলাম, তাহার গুঁড়ির চারিদিকে গোল গোল শালগ্রামশিলা রহিয়াছে। সেখানকার লোকে বলিল, শ্রীকৃষ্ণ নবনী খাইয়া গাছে হাত মুছিয়াছিলেন তাই গাছময় নারায়ণ হইয়াছে। সেখান হইতে আমরা কালিয়দমন দেখিতে গেলাম—যেখানে কালিন্দী-কূলে, কেলিকদম্ব মূলে মাধব বাঁশি বাজাইতেন আর রাধিকা উন্মাদিনীর ন্যায় সখিবৃন্দের সহিত ছুটিয়া আসিতেন। সেখানে আসিয়া অতীতের সাক্ষী কেলিকদম্ব বৃক্ষটী দেখিলাম। কালিন্দী শুখাইয়া রাস্তা হইয়া পড়িয়াছে। একটী থামের উপর কালিয়দমন মূর্ত্তি আছে। সেখান হইতে অষ্ট সখী ও গোপীনাথ দর্শন করিয়া আমরা সেদিনকার মত বাড়ী ফিরিলাম।

বৃন্দাবনে আমরা মদনমোহন, বঙ্কুবিহারী, শেঠের বাগান প্রভৃতি দেখিলাম। শেঠের বাগানে একরকম ফুল দেখিলাম, ঠিক পদ্মফুলের মত দেখিতে, কিন্তু পদ্মফুল নয়। খুব বড় চারিটা পদ্মফুল এক করিলে যত বড় হয় ঠিক তত বড় হইবে। রং হলদে—এক একটা গাছে চারি পাঁচটী করিয়া ফুল হয়। গাছগুলি তিন চারি হাত উঁচু হইবে।

একদিন সকাল করিয়া খাওয়া দাওয়া সারিয়া এক-খানি ফিটন ও একখানি টাঙ্গা লইয়া আমরা সকলে মথুরায় ঠাকুর দেখিতে গেলাম। দেখিলাম ঘোড়ার গাড়ী অপেক্ষা টাঙ্গা অনেক বেশী জোর যায়। যাহা হউক, আমরা প্রথমে মথুরা সহর হইতে প্রায় দুই মাইল দূরের —মহাবিদ্যা পাহাড় দেখিতে গেলাম। সেখানে গিয়া দেখিলাম, পাহাড়ের চারিপাশে জন-মানবের বসতি নাই, খালি জঙ্গল, পাহাড়ে উঠিবার সরু রাস্তা আছে, তাহাও আবার ধূলা ও কাঁটা গাছের সব কাঁটায় ভর্ত্তি। সেই রাস্তা দিয়া উপরে উঠিয়া দেখিলাম, পাহাড়ের মাঝখানে গজ-গিরি—করিয়া—গাঁথা একটা পুষ্করিণী আছে, এখন তাহাতে একবিন্দুও জল নাই—ভিতরে জঙ্গল হইয়া গিয়াছে, দিনের বেলা সেখানে শৃগাল বেড়াইতেছে। পাহাড়ের উপরটী বড়ই ভয়ানক স্থান। পাণ্ডবদের ঘর ও পাণ্ডব প্রতিষ্ঠিত মন্দির মধ্যে মহাবিদ্যা মূর্ত্তি প্রভৃতি দেখিয়া আমরা শীঘ্র শীঘ্র সেখান হইতে চলিয়া আসিলাম। এবার আমরা পুরাতন মথুরা দেখিতে গেলাম। শ্রীকৃষ্ণের জন্মভূমি, বসুদেবের কারাগার, প্রসূতির কাপড় কাচা পুষ্করিণী প্রভৃতি দেখিয়া ভূতেশ্বর মহাদেব দেখিতে



## একটী অনুরোধ

যদি নগদ টাকায় বেতার যন্ত্র কেনেন ত পাঁচটা দেখে শুনে কেনা ভাল নয় কি? তারই মধ্যে একবার আমাদের তৈরী যন্ত্র শুনতে ও দেখতে ভুলবেন না।

**ইউনিডে রেডিও কোং**

৬৭ নং ধর্ম্মতলা ষ্ট্রীট, কলিকাতা।

ফোন:—কলিকাতা ২৩৪০

# IT IS NOT THE FINISH OF THE CABINET, BUT-

## THE COMPONENTS THAT DECIDE THE MERITS OF YOUR MAIN SET

Bombay Radio Co., specialise in Mains Receivers Components.

All Components are subject to Bombay Radio Co's guarantee.

When buying your set, see that Bombay Radio Co's guaranteed Components are solely used.

### FOR BEST RESULT IT IS ESSENTIAL THAT

| | | |
|---|---|---|
| The Valves | are | Cossor |
| The Valveholder | is | Benjamin |
| The Condensers | are | Hydra |
| The Panel | is | Redfern's |
| The Switch | is | Benjamin |
| The Coils | are | Lissen |
| The Choke | is | Weilo |
| The Tuning Condensers | are | Ormonds |
| The Dial | is | Ormond |
| The Wire | is | Glazite |
| The Terminals | are | Belling-Lee |
| The Resistances | are | Electrad |
| The Loudspeaker | is | Brown |
| The Headphone | is | Brandes |
| The Transformers | are | Lissen |




**This splendid Catalogue describing all the Components mentioned above and many others, Over 500 illustrations, FREE TO ALL CALLERS or BY POST FIVE ANNAS.**

SOLE DISTRIBUTORS IN INDIA

*For*

BROWN, BENJAMIN, BELLING-LEE, BRANDES, COSOSR, ELECTRAD, HYDRA, LISSEN, ORMOND, WEILO,

# BOMBAY RADIO
## Co. Ltd.

THE INDIA WIRELESS HOUSE

**43/1/D, DHARAMTOLA ST., CALCUTTA.**

*Head Office:* **Queens Road, 'BOMBAY.**

যাইলাম। ভূতেশ্বর মহাদেবের মন্দিরের কাছে, পাতাল-পুরীর ভিতর মহেশ্বরী আছেন। এইসব দেখিয়া সেখান হইতে আমরা নূতন মথুরা দেখিতে আসিলাম। সেখানে ধ্রুবঘাট দেখিলাম, ঘাটটী ভাঙ্গা। সেখান হইতে ধ্রুব-মন্দির গেলাম, মন্দিরটী একটী মাটীর পাহাড়ের মত উঁচু, সিঁড়ির ধাপগুলি খুব সরু। সেখান হইতে আমরা সপ্ত-ঋষি অম্বরীষের সাধনা মন্দির দেখিয়া বিশ্রাম-ঘাট দেখিতে আসিলাম, ঘাটটী বেশ। যমুনার সুনীল জলে বড় বড় কচ্ছপ ভাসিতেছে আর ঘাটের উপর বড় বড় গরু বেড়াইতেছে। সেখানে গরু এবং কচ্ছপকে খৈয়ের মোয়া দিতে হয়, আমরাও দিলাম। জলে যেই মোয়া দিয়াছি, অমনি এত কচ্ছপ আসিল যে জল আর দেখা যায় না। বড় বড় বারকোষের মত প্রকাণ্ড সব কচ্ছপ। সেখান হইতে মথুরানাথ এবং দ্বারিকানাথ দর্শন করিলাম তখন সন্ধ্যা হয় হয়। আমাদের গাড়োয়ান বলিল, তোমরা আর দেরী করিওনা, মথুরা হইতে বৃন্দাবন আসিবার রাস্তায় রাত্রি নয়টার পর আর লোক চলেনা, এবং পুলিশের পাহারাও আর থাকেনা। এরাস্তায় রাত্রে চোর ডাকাতের ভয় আছে। একথা শুনিয়া আমরা আর দেরী করিলাম না, বাড়ী ফিরিলাম। যখন বাড়ী পৌছিলাম তখন অনেক রাত্রি হইয়াছে।

বৃন্দাবনে আমরা বেশীদিন ছিলাম না। মাত্র আট-দিনে এসমস্ত দেখা শেষ করি। আসিবার আগের দিন শ্যামসুন্দর দেখিয়া আসিলাম, নয় দিনের দিন সকাল আটটার ট্রেণে বৃন্দাবন হইতে আমরা সকলে আগ্রা-ভিমুখে রওনা হইলাম।

শ্রীমতী ঊষাবালা নন্দন

---


এক্সাইড

দীর্ঘকালস্থায়ী ব্যাটারী

বিশুদ্ধ বেতারবার্ত্তার জন্য ব্যবহার করুন।



সকল রেডিও বিক্রেতার কাছে পাইবেন।

**F. & C. OSLER Ltd., Calcutta.**

এফ এণ্ড সি, অস্‌লার লিমিটেড, কলিকাতা।

স্বদেশী বস্ত্র প্রতিষ্ঠান

বহুবাজারের উপরতলা

**খাঁটি স্বদেশী বস্ত্রের বৃহত্তম কেন্দ্র**

দেশী তূলার সূতায় তৈয়ারী ভারতীয় মূলধনে ও তত্ত্বাবধানে পরিচালিত **মিলের কাপড়,** চাদর, থান, লংক্লথ, তোয়ালে, ছিট, গামছা প্রভৃতি ভারতের বিভিন্ন কেন্দ্র হইতে নানাবিধ খদ্দর দেশী তূলা, নানাপ্রকার তক্‌লি চরকা প্রভৃতি প্রচুর মজুত থাকে।

খুচরা ও পাইকারী বিক্রয় হয়।

সাধারণের পরীক্ষা প্রার্থনীয়।

# মহিলা মজলিসের ভগ্নিদের প্রতি

## প্রীতি-নিবেদন

প্রীতি ও আশীষ করগো গ্রহণ
ভগিনী কন্যাগণ।
তোমাদের পাশে হৃদয় আমার
ফিরিছে অনুক্ষণ।

তোমরা আমায় স্মরণে রেখেছ
শুনিছ আমার কথা,
সে বারতা শুনি অক্ষম আমি
হয়েছি উৎসাহিতা।

তোমাদের দিব তৃপ্তি এমন
শকতি আছে কি মোর?
খেয়ালের ঝোঁকে গেঁথে চলি শুধু
প্রাণের ভাষার ডোর।

ছন্দ তাহার ঠিক রহে কিনা
সে কথা ত নাই জানা,
আপন প্রাণের অসীম খুশীতে
ভরে ফেলি খাতাখানা।

তারি কয় পাতা লইয়া পুত্র
পাঠ করে সযতনে,
মায়ের রচনা যেমনি হোক না
শোনায় সে প্রতিজনে।

স্নেহের চক্ষে সবি সুন্দর,
জানো ত ভগিনী মাতা,
তাই কি লভিল সমাদর আজি
আমার খাতার পাতা?

সাধ হয় মনে দেখিব সবারে
শুনিব মধুর বাণী,
জানিনা কখন হবে কি না দেখা,
মনে সাধ আছে জানি।

আমার কবিতা শুনিতে চেয়েছ
যাহারা তাদেরি করে,—
দিনু এ কবিতা আজি হৃদয়ের
প্রীতি-সুষমায় ভরে।

ভুলিনি পুত্র ভুলিনি কন্যা
ভুলি নাই তোমা বোন,
দূরে রহিলেও তোমরা সকলে
মোর অতি প্রিয়জন।

কৃতজ্ঞতায় ভরেছে হৃদয়
বলিবার কিছু নাই,
প্রীতি ও আশীষ জানায়ে সবারে
বিদায় নিলাম তাই।

শ্রীকনকলতা ঘোষ।


## রেডিও ও তৎসরঞ্জাম মেরামত।

আপনাদের রেডিও সেট বা লাউড্‌স্পীকার খারাপ হইলে যদি অল্প ব্যয়ে ও অল্প সময়ে সুন্দররূপে মেরামত করিতে চান তবে ৩৭১৭ কলিকাতা ফোন করুন, বা লোক মারফত খবর দিন। আমরা বহুদর্শী ইঞ্জিনিয়ার দ্বারা মেরামত করিয়া দিব। আপনাদের সহানুভূতি প্রার্থনীয়।

আমরা যে কোন মেরামতে ১২ মাসের গেরাণ্টী দিয়া থাকি।

**রেডিও ফিটার্স**
৭৯-২৯, লোয়ার সার্কুলার রোড,
কলিকাতা।



# ৺সতীশচন্দ্র মিত্র

[ লেখক—শ্রীবিষ্ণুশর্ম্মা ]

বেতার অফিসে সন্ধ্যেবেলা একদিন বসে' আছি হঠাৎ একজন পৌঢ় ভদ্রলোক আমার ঘরে এসে বসলেন। আমি আপন মনে তখন অফিস সংক্রান্ত কাগজপত্র গুলি দেখছি কেউ যে সেখানে নিঃশব্দে এসে বসেছেন তা' লক্ষ্য করিনি; হঠাৎ মুখতুলে একটি অপরিচিত ভদ্রলোককে আমার সামনে বসে থাকতে দেখে আমি একটু বিস্মিত হয়ে তাঁর দিকে চাহিতেই, আগন্তুক্ ভদ্রলোকটি অতি সঙ্কোচের সঙ্গে বলে উঠ্লেন, আপনাকে বিরক্ত করলুম কি? অতি মিষ্টি কথা এবং এরকম বিনয়পূর্ণ আচরণ আমরা বাইরের একজন অজানা ভদ্র-লোকের কাছে খুব কমই পেয়েছি। বেতার অফিসে কার্য্য করে' সুখ্যাতি আমরা যা পেয়েছি তার হাজার-গুন বেশী গালাগালি, নিন্দা, বেনামী চিঠি প্রভৃতি লাভ আমাদের নিত্যই হয়ে থাকে, সেইজন্য সব সময়ে গালাগালি ও নিন্দে শোনবার জন্যই আমাদের প্রস্তুত হয়ে থাকতে হয়, ঠিক সেই রকম সতর্কিত অবস্থায় যদি অতর্কিতভাবে একটি স্নেহমধুর সম্ভাষণ লাভ হয় সেটা যে কিরকম লাগে তা আমাদের মত অবস্থায় যাঁরা না পড়েছেন তাঁরা বুঝতে পারবেন না।

আমি তাড়াতাড়ি কাজ ফেলে রেখে তাঁকে জিজ্ঞাসা করলুম' আপনি কাকে খুঁজছেন?

তিনি বল্লেন' আপনাকেই!

"আমাকে?, আমি মনে মনে ভাবলুম আমাকে ইনি জানলেন কি করে? তাছাড়া আমি এমন একটা কেউ কেটা নয় যে পাঁচজনে আমাকে চিনবেন। আশ্চর্য্য ঠেকলো! বেশীক্ষণ ভাববার অবসর পেলুম না তিনি পকেট থেকে একটি চিঠি বার করে' আমার হাতে দিয়ে বললেন আপনার মা এই চিঠিখানা লিখেছেন শ্রীমতী নীরবালা মিত্র ও আর এখানি লিখছেন কল্যানীয়া কুমারী রেণুকা মিত্র।

তাঁদের চিঠির পরিচয় মহিলা মজলিসের মায়েরা ও আমার স্নেহের ছোট ছোট দিদিভাইরা পেয়েছেন আজ।• সে কথা বার বার মনে পড়ছে। তারপর অনেক কথা হল। প্রায় একঘণ্টা ধরে, কথাবার্ত্তা চললো। সেই অবসরে তাঁর মধুর চরিত্রের পরিচয়ে পেলুম এবং বেতারকে তিনি এবং তাঁর পরিবারবর্গ যে কতটা ভালবাসেন তার পরিচয় অজানা রইলো না। বেতারের এই সুভানুধ্যায়ী বন্ধুকে মনে মনে তখন বার বার অভিনন্দিত না করে, থাকতে পারলুম না।

সতীশবাবুর পয়সার খ্যাতির কথা বহুদিন শুনেছিলুম কিন্তু অজস্র ধনসম্পত্তির অধিকারী হ'য়েও মানুষ যে এরূপ নিরহঙ্কারী হ'তে পারেন সেই ধারনাটুকু মাত্র ছিলনা। নিজের উপার্জ্জনে তিনি দেশের ধনীসম্প্রদায়ের মধ্যে একজন সুবিখ্যাত ব্যক্তি বলে পরিচিত হয়েছিলেন কিন্তু লক্ষীর বরপুত্র হয়েও বাণীর আরাধনায় তিনি বরাবরই আত্মনিয়োগ ক'রে এসেছেন। বাংলায় সচিত্র সাপ্তাহিকের প্রথম প্রবর্ত্তন করেন সতীশবাবু। প্রবাহিনী বাসন্তী প্রভৃতি তা'র নিদর্শন। সাপ্তাহিক, মাসিক, সচিত্র উপন্যাস প্রভৃতি স্বল্পমূল্যে যাতে ঘরে ঘরে প্রচারিত হয় তার ব্যবস্থা তিনিই করেছিলেন। বহু সাহিত্যিককে নানাভাবে তিনি সাহায্য করেছেন। লক্ষীবিলাস তেল এসেন্স প্রভৃতি গন্ধদ্রব্যাদির তিনি প্রচলন করেছেন এবং সুখ্যাতি ও পেয়েছেন অনেক জায়গা থেকে।

ইষ্টার্ণ ফিল্ম সিণ্ডিকেট নামে বাঙ্গালী পরিচালিত বায়স্কোপ প্রতিষ্ঠানটি তাঁরই দ্বারা গঠিত হ'য়েছিল। "দেবদাস,, বিচারক প্রভৃতি বইগুলি তাঁরই ওখানে তোলা হয়েছে এবং বাংলার শ্রেষ্ঠনট শ্রীযুক্ত শিশিরকুমার ভাতুড়ী, শ্রীনরেশচন্দ্র মিত্র প্রভৃতি নট সারথীগণ সেই সমস্ত পুস্তকে অংশ গ্রহণ করেছিলেন। তাঁর অকাল মৃত্যুতে দেশের সমস্ত আনন্দ প্রতিষ্ঠানের যে ক্ষতি হ'ল তার পূরণ হওয়া বহুদিন সাপেক্ষ।



# RADIO SETS
## AND
# TYPEWRITERS.



Huge stock of brand new and good secondhand typewriters, wireless-sets and electric gramophones and amplifiers at lowest prices. Ten days approval to mofussil buyers. Do not purchase any Typewriter or Radio instrument until you get our illustrated catalogue sent post free. Repairs to any make of typewriters, wireless sets and amplifiers promptly executed under expert European supervision. Spare parts and accessories always in stock

SOME BARGAINS :

New latest model 3 Valve D. C. Main sets Rs. 75 ; superior quality 4 valve screen-grid portable set for short and long waves with built-in frame aerial Rs. 275 etc. etc.

New and good secondhand (typewriters Remingtons, Underwoods, Corona etc) Rs. 65 upwards.

**G. ROGERS & CO.**

*23, Lal Bazar Street, Calcutta.*

Phone Cal. 5471.

# বেতারযন্ত্র
# ও টাইপরাইটার

ঝক্‌ঝকে নূতন টাইপরাইটার, বেতারযন্ত্র, স্বরবর্দ্ধক যন্ত্র, বৈদ্যুতিক গ্রামোফোন, নূতন ও সেকেণ্ডহ্যাণ্ড টাইপরাইটার ( খুব উৎকৃষ্ট অবস্থার ) যদি কিনতে চান তা হলে আমাদের দোকানে আস্থন। আমরা প্রচুর পরিমাণে এই সমস্ত দ্রব্য আমদানী করেছি। মফঃস্বলের ক্রেতাদের কাছে পছন্দ করবার জন্য দশদিন জিনিষ রাখা হয়। কোন টাইপরাইটার বা বেতারযন্ত্র চট্ করে কিনবেন না যতক্ষণ না আমাদের সচিত্র ক্যাটালগ পাচ্ছেন। চাইলেই বিনামূল্যে তা পাঠিয়ে দোব। এই সমস্ত যন্ত্র যদি খারাপ হয় তা হলে আমরা তৎক্ষণাৎ ইউরোপীয় কারিগর দিয়ে মেরামত করে দিই। খুচরা যন্ত্রাদিও আমাদের কাছে কিনতে পাবেন। আমাদের জিনিষ উৎকৃষ্ট অথচ দাম খুব কম।

## নতুন মডেলের

৩ ভ্যালব্ ডি, সি মেন সেট ৭৫৲, ৪ ভ্যাল্‌বের স্ক্রীন্ গ্রীড্ পোর্টেবেল সর্ট লং ও সর্ট ওয়েভ ফ্রেম এরিয়েল শুদ্ধ ২৭৫৲ টাকা। ( রেমিংটন, আণ্ডারউড, করোনা ইত্যাদি ) সর্ব্বরকমের টাইপরাইটার ৬৫৲ টাকা থেকে তদূর্দ্ধ।

**জি, রজার্স এণ্ড কোং,**

২৩ লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

ফোন ৫৪৭১ কলিকাতা।

# অনুষ্ঠান-পত্র

## কলিকাতা ষ্টেশন

( সর্ব্বস্বত্ব সংরক্ষিত )

—

**শুক্রবার ২৪শে অক্টোবর ১৯৩০**

**৭ই কার্ত্তিক ১৩৩৭**

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-৩০ * সময় ঘোষণা

—

প্রভাত-বার্ত্তা

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১-১৫ সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

২-১৫ মহিলা মজলিস

বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা।

বিষয়—হাসির গল্প

—

মহিলাদের রচনা, চিঠিপত্র ইত্যাদি পাঠ।

—

৩-১৫ ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৩-৪৫ সময় ঘোষণা

—

### বৈকালিক অনুষ্ঠান

৫টা সময় ঘোষণা

—

ছোটদের বৈঠক

বক্তা—গল্পদাদা

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

৬-৩০ ভারতীয় প্রোগ্রাম

বেতার নাটুকেদল কর্ত্তৃক

সুকবি শ্রীবসন্তকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের

ভক্তিমূলক নাটক

"মীরাবাঈ"

রাণা—শ্রীরবীন্দ্রমোহন রায়

মীরা—মিস্ আঙ্গুরবালা

—

৮-৪৫ আবহাওয়া, সংবাদ জ্ঞাপন,

বাজার দর ইত্যাদি

—

* বিঃ দ্রঃ—সময় ঘোষণা কলিকাতা কর্পোরেশনের ঘড়ি অনুসারে হইয়া থাকে।

৯-১৫ সময় ঘোষণা

—

God Save the King Emperor

শেষ

—

## শনিবার ২৫শে অক্টোবর ১৯৩০
## ৮ই কার্ত্তিক ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

৮-৩০ সময় ঘোষণা

—

প্রভাত-বার্ত্তা

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১-১৫ সময় ঘোষণা

২-১৫ মহিলা মজলিস

বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা

বিষয়—আর্য্য-সভ্যতা

মহিলাদের রচনা, চিঠিপত্র ইত্যাদি পাঠ

—

৩-১৫ সময় ঘোষণা

—

### সান্ধ্য অনুষ্ঠান

—

৬-৩০ সময় ঘোষণা

—

ভারতীয় প্রোগ্রাম

—

বক্তৃতা—

বক্তা—শ্রীশশিভূষণ মুখোপাধ্যায়

৭টা (আধুনিক বাংলা গান)

মিস্ প্রফুল্লবালা

শ্রীরবীন্দ্রমোহন বসু

—

৭-২৫ আবৃত্তি

শ্রীভবানী মুখার্জ্জী

—

৭-৩৫ (হিন্দী ও বাংলা গান)

শ্রীকাশীনাথ চট্টোপাধ্যায়

—

৭-৫৫ কৌতুক কথা

প্রোঃ কালীপদ ব্যানার্জ্জী

—


জহরলাল পান্নালাল এণ্ড কোং

বড়বাজার, কলেজষ্ট্রীট মার্কেট,

ভবানীপুর (কলিকাতা)

বেনারস ও অমৃতসহর!

বেনারসী শাড়ী, গরদ, তসর, মটকা, এণ্ডি প্রভৃতি দেশী সিল্কের কাপড়, ছাপা শাড়ী, ধুতি ও পোষাকের রকম, দর ও আয়োজন দেখিতে অনুরোধ করি।

৮-৫ (হিন্দী ও বাংলা গান)

মিস্ ঊষারাণী

—

৮-২৫ (যন্ত্র-সঙ্গীত)

শ্রীরাজেন্দ্রনারায়ণ সেন গুপ্ত (স্বরোদ)

—

৮-৪৫ আবহাওয়া, সংবাদ, বাজার দর জ্ঞাপন

—

৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

১১টা সময় ঘোষণা

—

God Save the King Emperor

শেষ

—

## রবিবার, ২৬শে অক্টোবর, ১৯৩০
## ৯ই কার্ত্তিক ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

ভারতীয় প্রোগ্রাম

—

৯-৩০ সময় ঘোষণা

প্রভাত-বার্ত্তা

—

৯-৪৫ (আধুনিক বাংলা গান)

শ্রীউমাপদ ভট্টাচার্য্য

—

১০টা (সাধারণ বাংলা ও হিন্দী গান)

মিস্ মাণিক মালা

শ্রীকৃষ্ণচন্দ্র দে

—

১০-৪০ (যন্ত্র-সঙ্গীত)

ছোটে খাঁ সাহেব (সারেঙ্গী)

—

১১টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১২-৩০ সময় ঘোষণা

—

### সান্ধ্য-অনুষ্ঠান

৬-৩০ সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

সেণ্ট পল্‌স্ ক্যাথিড্রেল হইতে রীলে

—

৭-৩০ আবহাওয়া, সংবাদ, বাজারদর জ্ঞাপন

—

ভারতীয় প্রোগ্রাম

—

৮টা (আধুনিক বাংলা গান)

কুমারী পুষ্পরাণী চট্টোপাধ্যায়

শ্রীসুধামাধব সেনগুপ্ত

—

৮-২০ আবৃত্তি

শ্রীবাণীকুমার ভট্টাচার্য্য

—

৮-৩০ হাসির গান

শ্রীহরিদাস বন্দ্যোপাধ্যায়

—

৮-৪৫ (যন্ত্র-সঙ্গীত)

—

শ্রীঅবনিভূষণ মুখোপাধ্যায় (বেহালা)

—

৮-৫৫ (সাধারণ বাংলা ও হিন্দীগান)

শ্রীগোপালচন্দ্র সেনগুপ্ত

শ্রীজ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী

—

৯-২৫ (কীর্ত্তন)

শ্রীনিত্যগোপাল মুখোপাধ্যায়

—

৯-৪০ ( যন্ত্র-সঙ্গীত )

মুস্তাক আলি খাঁ সাহেব ( সেতার )

—

১০টা সময় ঘোষণা

—

God Save the King Emperor.

শেষ

—

## সোমবার, ২৭শে অক্টোবর, ১৯৩০
## ১০ই কার্ত্তিক ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-৩০ সময় ঘোষণা

—

প্রভাত বার্ত্তা

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১-১৫ সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

২-১৫ মহিলা মজ্‌লিস্

—

বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা

বিষয়—মহাভারতের গল্প

মহিলাদের রচনা, চিঠিপত্র ইত্যাদি পাঠ

৩-১৫ ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৩-৪৫ সময় ঘোষণা

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

৬-৩০ সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

৭-৩০ আবহাওয়া, সংবাদ, বাজার দর জ্ঞাপন

—

৮টা ভারতীয় প্রোগ্রাম

—


# ১০৲ দশ টাকা

দিলেই আপনার বাড়ীতে

## ৩ ভাল্‌ভ্‌ যুক্ত মেন সেট

বাকী টাকা মাসিক ১০৲ টাকা হিসাবে ১১ মাসে শোধ দেবেন।

লাউড স্পীকার সমেত এরিয়েল, তার ইত্যাদি দিয়ে ফিট করে দিয়ে আসব।

প্রত্যেক 'হরার' সেটে
১২ মাসের গ্যারান্টি

**ইণ্ডিয়ান রেডিও করপোরেশন**

৫২-১০১ কলেজ ষ্ট্রীট, কলিকাতা।

বেতার নাটুকে দল কর্ত্তৃক
স্বর্গীয় গিরীশ চন্দ্র ঘোষ মহাশয়ের
বুদ্ধদেব
নাট্যাভিনয়

—

১০টা সময় ঘোষণা

—

God Save the King Emperor,

শেষ

—

## মঙ্গলবার ২৮শে অক্টোবর ১৯৩০
## ১১ই কার্ত্তিক, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-৩০ সময় ঘোষণা

—

প্রভাত বার্ত্তা

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১-১৫ সময় ঘোষণা

—

১-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

২-৩০ মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা।
বিষয়—বৈজ্ঞানিক প্রসঙ্গ
মহিলাদের রচনা, চিঠিপত্র ইত্যাদি পাঠ

—

৩-১০ সময় ঘোষণা

—

### বৈকালিক অনুষ্ঠান

—

৫-৩০ সময় ঘোষণা

—

ছেলেদের বৈঠক
বক্তা—গল্পদাদা

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

৬-৩০ সঙ্গীত শিক্ষা দান

—

৭টা (আধুনিক বাংলা গান)
মিস্ প্রফুল্লবালা
মিস্ আভাবতী
শ্রীহীরেন্দ্র কুমার বসু

—

৭-৪০ কীর্ত্তন
শ্রীনলিনীকান্ত সরকার

—

৭-৫৫ কৌতুক কথা
প্রোঃ এম্ এম্ মুখার্জ্জী (বাঁশীবাবু)

—

৮-১০ (সাধারণ বাংলা গান)
মিস্ বীণাপাণি

—

৮-২৫ (যন্ত্র-সঙ্গীত)
ছোটে খাঁ সাহেব (সারেঙ্গী)

—

৮-৪৫ আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজারদর জ্ঞাপন

—

৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

ক্যালডার প্লেয়ার্স কর্তৃক

একটি একাঙ্ক কৌতুক নাট্য

—

১০-৪৫ সময় ঘোষণা

—

God Save the King Emperor.

শেষ

—

## বুধবার, ২৯শে অক্টোবর, ১৯৩০

## ১২ই কার্তিক, ১৩৩৭

---

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-৩০ সময় ঘোষণা

—

প্রভাত বার্তা

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১-১৫ সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

২-১৫ মহিলা মজলিস

—

বক্তা—শ্রীসোমদত্ত

বিষয়—বিবিধ প্রসঙ্গ

—

৩-১৫ ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৩-৪৫ সময় ঘোষণা

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

৬-৩০ সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

৭-৩০ আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজার দর জ্ঞাপন

—

৮টা ভারতীয় প্রোগ্রাম

—

( হিন্দী সঙ্গীত )

মস্তান গামা সাহেব

শ্রীজ্ঞানেন্দ্র প্রসাদ গোস্বামী

আস্ফাক হোসেন খাঁ সাহেব

শ্রীকৃষ্ণচন্দ্র দে

মিস্ উষারাণী

—

৯-৪০ ( যন্ত্র-সঙ্গীত )

মুস্তাক্ আলি খাঁ সাহেব ( সেতার )

—

১০টা সময় ঘোষণা

—

God Save the King Emperor

শেষ

—

## বৃহস্পতিবার ৩০শে অক্টোবর ১৯৩০
১৩ই কার্ত্তিক, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-৩০ সময় ঘোষণা

—

প্রভাত বার্ত্তা

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১-১৫ সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

২-১৫ মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা।
বিষয়—"বন্ধুত্ব"
মহিলাদের রচনা, চিঠিপত্র ইত্যাদি পাঠ

—

৩-১৫ ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৩-৪৫ সময় ঘোষণা

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৭-৩০ সময় ঘোষণা

—

( আধুনিক বাংলা গান )
শ্রীউমাপদ ভট্টাচার্য্য

—

৭-৫০ ( সাধারণ বাংলা ও হিন্দী গান )
মিস্ বীণাপাণি
মিস্ মাণিকমালা

—

৮-৩০ ( যন্ত্র সঙ্গীত )
শ্রীনৃপেন্দ্র মজুমদার ( ক্লারিওনেট )

—

৮-৪৫ আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজারদর জ্ঞাপন

—

৯-১৫ সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

১১-৩০ সময় ঘোষণা

—

God Save the King Emperor

শেষ

—

## শুক্রবার, ৩১শে অক্টোবর, ১৯৩০
১৪ই কার্ত্তিক, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-৩০ সময় ঘোষণা

—

প্রভাত বার্ত্তা

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১-১৫ সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

২-১৫ মহিলা মজলিস

বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা

বিষয়—মধ্যযুগে বাংলা সাহিত্য

মহিলাদের রচনা চিঠিপত্র ইত্যাদি পাঠ

—

৩-১৫ ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৩-৪৫ সময় ঘোষণা

—

## বৈকালিক অনুষ্ঠান

—

৫টা সময় ঘোষণা

—

ছেলেদের বৈঠক

বক্তা—গল্পদাদা

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৬-৩০ 'বেতার নাটুকেদল' কর্ত্তৃক

স্বর্গীয়—ডি, এল, রায়ের

পরপারে

দাদামহাশয়—শ্রীরবী রায়

—

৮-৪৫ আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজারদর জ্ঞাপন

—

৯-১৫ সময় ঘোষণা

—

God Save the King Emperor.

শেষ

—



স্যুর ব্রাদার্স এণ্ড কোং

বিশুদ্ধ গিনি স্বর্ণের অলঙ্কার নির্ম্মাতা

২০৩।৪, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা

পূজার বিপুল আয়োজন

আমাদের প্রস্তুত গহনা ব্যবহারান্তে আমরা গিনি সোণার বাজার দরে খরিদ করিয়া থাকি। মফঃস্বলের অর্ডার নির্দ্দিষ্ট সময়ে যত্নের সহিত সরবরাহ করি। এক আনার ষ্ট্যাম্প পাঠাইলে আমাদের সুবৃহৎ ক্যাটালগ পাঠাইয়া দিই। পরীক্ষা প্রার্থনীয়।

শনিবার, ১লা নভেম্বর, ১৯৩০

১৫ই কার্ত্তিক, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-৩০ সময় ঘোষণা

—

প্রভাত বার্ত্তা

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

২-১৫ সময় ঘোষণা

—

মহিলা মজলিস

বক্তা—শ্রীবিষ্ণুশর্ম্মা

বিষয় –একটী মহৎ জীবন

মহিলাদের রচনা, চিঠিপত্র ইত্যাদি পাঠ

—

৩-১৫ সময় ঘোষণা

—

## সান্ধ্য অনুষ্ঠান

—

৬-৩০ সময় ঘোষণা

—

বক্তৃতা

বক্তা—এম্ ঘোষ

বিষয়—ভারতে নৃত্যকলা

—

৬-৫০ (আধুনিক বাংলা গান)

শ্রীঅমর বসু

শ্রীযতীন্দ্র নাথ দত্ত

শ্রীহরিপদ চট্টোপাধ্যায়

শ্রীসুনীল কুমার বসু

—

৭-৩৫ কৌতুক কথা

শ্রীজীতেন্দ্র নাথ বন্দোপাধ্যায়

—

৭-৫০ (সাধারণ বাংলা গান)

মিস্ আভাবতী

শ্রীঅনুপম চন্দ্র ঘটক

শ্রী গোপালচন্দ্র সেনগুপ্ত

—

৮-২৫ (যন্ত্র সঙ্গীত)

শ্রীঅশোক কৃষ্ণ ঘোষ (স্বরোদ)

—

৮-৪৫ আবহাওয়া সাধারণ সংবাদ, বাজার দর জ্ঞাপন

—

৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

১১টা সময় ঘোষণা

—

God Save the King Emperor.

শেষ

—

রবিবার, ২রা নভেম্বর, ১৯৩০

১৬ কার্ত্তিক ১৩৩৭ সাল

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৯-৩০ সময় ঘোষণা

—

প্রভাত বার্ত্তা

—

৯-৪৫ (বাংলা ও হিন্দী গান)

শ্রীজ্ঞানেন্দ্র প্রসাদ গোস্বামী

মিস্ মাণিক মালা

মিস্ উষারাণী

—

১০-৪৫ ( যন্ত্র সঙ্গীত )

শ্রীবঙ্কিম চন্দ্র ঘোষ ( ক্লারিওনেট )

—

১১টা সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৬-৩০ সময় ঘোষণা

—

সেন্ট্ এণ্ড্রুজ চার্চ্চ হইতে রীলে

—

৭-৩০ আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজারদর জ্ঞাপন

—

৮টা ভারতীয় প্রোগ্রাম

—

বিষয়—"জলে ও স্থলে"—যাত্রী

পাঠক—শ্রীমোহিনীমোহন মুখার্জ্জী এম, এ

—

৮-১৫ ( যন্ত্র সঙ্গীত )

বাণী সঙ্ঘ অর্কেষ্ট্রা

( মিঃ জে ঘোষের অধিনায়কত্বে )

—

৮-২৫ ( আধুনিক বাংলা গান )

কুমারী সুধীরা দাশগুপ্ত

কুমারী বনলতা মিত্র

কুমারী সুনীলা বসু

৯টা বাণী সঙ্ঘ অর্কেষ্ট্রা

—

৯-১০ ( আধুনিক বাংলা গান )

শ্রীশিবব্রত বসু

শ্রীসুধা মাধব সেনগুপ্ত

শ্রীসুশীল কুমার বসু

—

( যন্ত্র সঙ্গীত )

৯-৪০ নূর মহম্মদ খাঁ সাহেব ( সেতার )

—

১০টা সময় ঘোষণা

—

God Save the King Emperor,

শেষ

—

## সোমবার, ৩রা নভেম্বর, ১৯৩০
## ১৭ই কার্ত্তিক, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-৩০ সময় ঘোষণা

—

প্রভাত বার্ত্তা

—

৮-৪৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

২-১৫ মহিলা মজলিস

বক্তা—শ্রীগৌরমোহন মুখার্জ্জী
বিষয়—পাঁচালী

—

৩-১৫ ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৩-৪৫ সময় ঘোষণা

—

## সান্ধ্য অনুষ্ঠান

—

৬-৩০ সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

৭-৩০ আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজার দর জ্ঞাপন

—

৮টা ভারতীয় প্রোগ্রাম

—

( আধুনিক বাংলা গান )
শ্রীহরিপদ চট্টোপাধ্যায়
শ্রীসুনীল বসু
শ্রীঅনুপম চন্দ্র ঘটক

—

৮-৩০ আবৃত্তি
শ্রীনির্ভয় বসু

—

৮-৪০ ( হিন্দী ও বাংলা গান )
মিস বীণাপাণি

—

৯টা কৌতুক কথা
শ্রীজিতেন্দ্রনাথ ব্যানার্জ্জী

—

৯-১০ ( হিন্দী ও বাংলা গান )
শ্রীকৃষ্ণচন্দ্র দে

—

৯-৩০ বক্তৃতা
আমাদের কথা
বক্তা —শ্রীনৃপেন্দ্রনাথ মজুমদার

—

৯-৪০ ( যন্ত্র-সঙ্গীত )
মুস্তাক্ আলি খাঁ সাহেব ( সেতার )

—

১০টা সময় ঘোষণা

—

God Save the King Emperor.

শেষ

—


লোহার কড়ি
—বরগা—
বিলাতী মাটী
করোগেট
—রঙ—

সেরা মাল সস্তা দরে বিক্রয়ই
আমাদের বিশেষত্ব।

গোপালচন্দ্র দাস এণ্ড কোং লিঃ

৮৬এ-১, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

তার—Business. ফোন—৬৬৪ কলিঃ

পত্র লিখিলে মূল্য তালিকা পাঠান হয়।

**বৃহস্পতিবার ৬ই নভেম্বর, ১৯৩০**

২০শে কার্ত্তিক, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

৮-৩০ সময় ঘোষণা

—

প্রভাত বার্ত্তা

—

৮-৩৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

৯-১৫ সময় ঘোষণা

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১-১৫ সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

২-১৫ মহিলা মজলিস

বক্তা—ডাক্তার এন্ ভট্টাচার্য্য এম্, ডি, (হোমিওপাথ)

আয়ুর্ব্বেদ শাস্ত্রী

বিষয়—স্বাস্থ্যের কথা

—

৩-১৫ ভারতীয় গ্রামোফোন রেকর্ড

—

৩-৪৫ সময় ঘোষণা

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

ভারতীয় প্রোগ্রাম

—

৬-৩০ বক্তৃতা

রাসযাত্রা

বক্তা—পণ্ডিত খগেন্দ্র নাথ শাস্ত্রী

৭টা (আধুনিক বাংলা গান)

শ্রীপঙ্কজ কুমার মল্লিক

শ্রীউমাপদ ভট্টাচার্য্য

শ্রীহরিপদ চট্টোপাধ্যায়

শ্রীকৃষ্ণচন্দ্র দে

—

৭-৫৫ (সাধারণ বাংলা গান)

মিস বীণাপাণি

—

৮-১০ কীর্ত্তন

মিস উষারাণী

—

৮-৩০ (যন্ত্র সঙ্গীত)

মুস্তাক্ আলি খাঁ সাহেব (সেতার)

—

৮-৪৫ আবহাওয়া, সাধারণ সংবাদ, বাজারদর জ্ঞাপন

—

৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

১০-৩০ God Save the King Emperor.


শেষ

—

### ভ্রম সংশোধন

গতবারে 'মারীত্ব' শীর্ষক প্রবন্ধটির লেখিকার নাম ভ্রমক্রমে মুদ্রিত হয় নাই। তাঁহার নাম শ্রীমতী অমিয়া বসু।


সুগন্ধ প্রাণীর প্রাণ স্পর্শ করে
—ইহা প্রকৃতির চিরন্তন প্রথা।...
কস্তুরীর মৃদু গন্ধ মন প্রাণ আমোদিত করে; কস্তুরী মৃগ তাহার সন্ধানে ব্যাকুল হইয়া উঠে।..
যৌবনে নরনারী পরস্পরকে আকৃষ্ট করে—কিন্তু যৌবনের স্বাভাবিক লাবণ্য অক্ষুণ্ণ রাখিবার প্রকৃত সন্ধান কি?...
"ম.স্ক" (কস্তুরী) সাবান নিত্য স্নানে মন, প্রাণ আমোদিত করে;—স্বাভাবিক দেহকান্তি অক্ষুণ্ণ রাখে।
ন্যাশনাল সোপ এণ্ড কেমিক্যাল ওয়ার্কস।
EUREKA.




# রেডিও ব্যাটারী

## "পারট্রিক্স"

(জার্ম্মাণীতে প্রস্তুত)

---


এই ব্যাটারী নূতনভাবে তৈয়ারী এবং ইহাতে Salammonaicএর লেশমাত্র নাই, সেইজন্য বাজারের Dry Batteryতে যে সব দোষ দেখা যায় পারট্রিক্সে তাহা মোটেই নাই।

পারট্রিক্স ব্যাটারীর বিশেষত্ব এই যে অব্যবহারে ও ইহার শক্তি ক্ষুণ্ণ হয় না এবং ব্যবহারকালে যে ক্ষয় হয় তাহাও বিরামকালে কতকটা আপনা আপনি পূর্ণ হইয়া যায়। এই ব্যাটারী ব্যবহার করিলে আওয়াজে কোন প্রকার অস্বাভাবিক বিরক্তকর শব্দ উৎপাদিত হয় না—এই সব কারণে পারট্রিক্স রেডিও সেটের পক্ষে চমৎকার ব্যাটারী।

### —ঃ মূল্য ঃ—

| | | | |
|---|---|---|---|
| ৯ ভোল্ট Grid Bias ... | ১।০ | ১০৮ ভোল্ট H. T. (পোর্টেবল সেটের উপযুক্ত) | ১১৷৵০ |
| ১৫ " " ... | ২।/০ | ১২০ ভোল্ট H. T. ... | ১২৸৵০ |
| ৬০ " H. T. ... | ৬৷৷০ | ১৫০ " " ... | ১৬৵০ |
| ৯০ " H. T. ... | ৯৷৷৵০ | ৪৫ " Super H.D. ... | ১৩৸০ |
| ১০০ " " ... | ১০৸০ | | |

—:*:—



আপনার লাউড স্পীকারের আওয়াজ যদি সম্পূর্ণ স্বাভাবিক ও জোরাল না হয়, মোটের উপর আওয়াজে যদি কোন প্রকার ক্রুটি থাকে তবে আজই

## স্ফেরাভক্স লাউড স্পীকার

ব্যবহার করিয়া দেখুন

'স্ফেরাভক্স' লাউড স্পীকার ও 'পারট্রিক্স' ব্যাটারী আপনার নিকটবর্ত্তী রেডিওর দোকানে না পাইলে আমাদের দোকানে আসুন বা পত্র লিখুন।

# রেডিও সাপ্লাই ষ্টোরস্

## ভারতবর্ষে সর্ব্বাপেক্ষা প্রাচীন ও প্রধান রেডিও বিক্রেতা

৯ নং ডালহাউসী স্কোয়ার কলিকাতা।

টেলিফোন :—কলিকাতা, ৯২০। টেলিগ্রাম —ঃ'রেডিওভক্স', কলিকাতা।

Printed and Published by Subesh Ch Bhoumik, at the Juno Printing Works, 12, Ram Chandra